

৫.৫ সরকারি জলমহাল ইজারা প্রদান ব্যবস্থাপনা

সেবা প্রদান পদ্ধতি (সংক্ষেপে)

উন্নয়ন প্রকল্পে সরকারি জলমহাল ইজারা প্রাপ্তির ক্ষেত্রে ৩০শে আশ্বিনের মধ্যে এবং সাধারণ আবেদনে জেলা হতে জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে ইজারায়োগ্য জলমহালের তালিকা তৈরি করে সরকারি নীতিমালা মোতাবেক সরকারি ইজারা মূল্য নির্ধারণ পূর্বক বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ইজারা প্রাপ্তির জন্য আবেদনসমূহ নির্ধারিত তারিখে মূল্যায়ন কমিটির মাধ্যমে যোগ্য এবং সর্বোচ্চ দর প্রসন্মাবকারী ইজারা গ্রহীতাকে জলমহালের ইজারাদেশ দেয়া হয়। জলমহালের বার্ষিক ইজারা মূল্য পরিশোধ সাপেক্ষে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিবদ্ধ হলে ইজারাদারকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া হয়। ইজারাদার যথা সময়ে মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারাদেশ বাতিল করা হয় এবং পুনঃ ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়। ইজারা প্রদান সম্ভব না হলে খাস আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ করা হয়।

(ক) উন্নয়ন প্রকল্পে ২০ একরের উর্ধ্বে ছয় বছর মেয়াদে জলমহাল ইজারা প্রদানের ক্ষেত্রে -

সেবা প্রাপ্তির সময়: উন্নয়ন প্রকল্পে জলমহাল ইজারার ক্ষেত্রে ৪(চার) মাস (প্রায়)।

সেবা প্রাপ্তির স্থান: ভূমি মন্ত্রণালয়/ জেলা প্রশাসকের কার্যালয়/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী: ১। সচিব, ভূমি মন্ত্রণালয়; ২। জেলা প্রশাসক; ৩। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব); ৪। উপজেলা নির্বাহী অফিসার; ৫। সহকারী কমিশনার (ভূমি)।

প্রয়োজনীয় কাগজপত্র:

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী নিমণবর্ণিত ২০ একরের উর্ধ্বে যে সকল কাগজপত্র দাখিল করতে হবে সে সংক্রান্ত চেকলিস্ট নিমণরূপ:

- ১। উন্নয়ন প্রকল্পের বিস্তারিত বিবরণ (প্রকল্প ছকে);
- ২। প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির নিবন্ধন সনদ(রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি;
- ৩। নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি;
- ৪। মৎস্যজীবীদের জাতীয় পরিচয়পত্র;
- ৫। আবেদনকারী সমিতির প্রত্যেক সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবি মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র;
- ৬। সভাপতি/সম্পাদক ও উক্ত সমিতির নিকট সরকারি কোন বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা আছে কিনা জেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়ন পত্র;
- ৭। জেলা প্রশাসককে প্রদেয় জামানত বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (মূল কপি);
- ৮। সমিতির গঠনতন্ত্র;
- ৯। সমিতির সভার কার্যবিবরণী;
- ১০। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক'স রল্লস অনুসারে);
- ১১। অডিট রিপোর্ট;
- ১২। জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সুপারিশ এবং নির্ধারিত ছকে জলমহালের তথ্যাদিসহ জেলা প্রশাসকের প্রতিবেদন।

(খ) সাধারণ আবেদনে ২০ একর এবং তদুর্ধ্বে আয়তনের জলমহাল তিন বছর মেয়াদে ইজারা প্রদান পদ্ধতি:

- ১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ ৫(৪)(খ) অনুচ্ছেদ অনুযায়ী জেলা প্রশাসক প্রতি বছর মাঘ মাসে জলমহালগুলোর তালিকা (তফসিলসহ) তৈরি করে সর্বসাধারণের অবগতির জন্য নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি প্রকাশ করে।
- ২। বিগত তিন বছরের ইজারা মূল্যের উপর ৫% বর্ধিত হারে ইজারা মূল্য ধার্যে ইজারার জন্য আবেদন করতে হয়।

প্রয়োজনীয় কাগজপত্রাদি:

- ১। প্রতিটি সিডিউল ক্রয়ের জন্য নির্ধারিত কোডে ৫০০/- টাকা চালান মূলে জমা প্রদান;
- ২। উন্নয়ন প্রকল্পে ইজারার জন্য দাখিলকৃত প্রয়োজনীয় কাগজপত্রের অনুরূপ।

সেবা প্রাপ্তির সময়: সাধারণ আবেদনে জলমহাল ইজারার ক্ষেত্রে ৪৫(পঁয়তালিশ দিন) মাস (প্রায়)।

সেবা প্রাপ্তির স্থান: জেলা প্রশাসকের কার্যালয়/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী: জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)/উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)।

(গ) সাধারণ আবেদনে ২০ একরের নীচে তিন বছর মেয়াদে উপজেলা হতে ইজারা প্রদান পদ্ধতি:

১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ ৫(৪)(খ) অনুচ্ছেদ অনুযায়ী জেলা প্রশাসক প্রতি বছর মাঘ মাসে জলমহালগুলোর তালিকা (তফসিলসহ) তৈরি করে সর্বসাধারণের অবগতির জন্য নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি প্রকাশ করে।

২। বিগত তিন বছরের ইজারা মূল্যের উপর ৫% বর্ধিত হারে ইজারা মূল্য ধার্যে ইজারার জন্য আবেদন করতে হয়।

প্রয়োজনীয় কাগজপত্রাদি:

- ১। প্রতিটি সিডিউল ক্রয়ের জন্য নির্ধারিত কোডে ৫০০/- টাকা চালান মূলে জমা প্রদান;
- ২। উন্নয়ন প্রকল্পে ইজারার জন্য দাখিলকৃত প্রয়োজনীয় কাগজপত্রের অনুরূপ।

সেবা প্রাপ্তির শর্তাবলী:

- ১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী "যাল জার জলা তার" এই নীতির ভিত্তিতে জলমহাল ইজারা প্রাপ্তির জন্য নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ হতে হবে।
- ২। যে জেলায় জলমহাল অবস্থিত ঐ জেলার নিবন্ধিত সমবায় সমিতি হতে হবে।

সংশ্লিষ্ট আইন ও বিধি:

- সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী জলমহাল ইজারা প্রদান করা হয়।

সেবা প্রাপ্তিতে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা:

- উপজেলা থেকে ইজারার ক্ষেত্রে জেলা প্রশাসক বরাবর এবং জেলা প্রশাসকের কার্যালয়ে সেবা প্রাপ্তিতে কোন অভিযোগ থাকলে তা বিভাগীয় কমিশনার কার্যালয়ে আপীল করার সুযোগ রয়েছে।

সেবার নাম: জলমহাল ইজারা প্রদান

ধাপ সংখ্যা: ১৮-২৭ টি
সম্পূর্ণ জনবল: ৪জন + কমিটি
সময়: ৪ মাস

